# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৮২

তারিখঃ ০৯.০৪.২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ০৯ এপ্রিল, ২০২০ তারিখের জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১১ (কপি সংযুক্ত) এবং অত্র বিভাগের ২৫.০৩.২০২০, ০২.০৪.২০২০ ও ০৭.০৪.২০২০ তারিখের যথাক্রমে পত্র নং ১২৭১, ১২৭৫ ও ১২৭৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রসমূহ মোতাবেক করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে ঘোষিত সাধারণ ছুটির ধারাবাহিকতায় সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিম্নোক্ত বিষয়ে নির্দেশনা প্রদান করা হলো:

ক) আগামী ১২ এপ্রিল, ২০২০ তারিখ হতে দৈনিক ব্যাংকিং লেনদেন এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ খোলা রাখার সময়সূচী যথাক্রমে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত এবং দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল।

খ) তবে, প্রতি কার্যদিবসে দৈনিক ব্যাংক খোলা রাখার চূড়ান্ত সময়সীমা অপরিবর্তিত (দুপুর ২.০০ ঘটিকা) রেখে শুধুমাত্র গুরুত্বপূর্ণ ও জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য অত্র ব্যাংকের নির্বাচিত এডি শাখা/শাখাসমূহের লেনদেনের সময়সীমা ০১ (এক) ঘন্টা বর্ধিত (যা সাধারণ ব্যাংকিং লেনদেন/কার্যক্রমের জন্য প্রযোজ্য নয়) করে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করতে পারবে।

গ) সরকার/স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত ঘোষণা অনুসারে লকডাউন (Lockdown) এলাকার ব্যাংক শাখাসমূহ বন্ধ থাকবে।

ঘ) ব্যাংকিং লেনদেনের জন্য খোলা রাখা শাখা/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহের ক্ষেত্রে সোস্যাল ডিসটেনসিং সংক্রান্ত WHO গাইডলাইনসসহ এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপালন যথাযথভাবে নিশ্চিত করতে হবে।

ঙ) এছাড়া অত্র বিভাগের ২৫.০৩.২০২০, ০২.০৪.২০২০ ও ০৭.০৪.২০২০ ইং তারিখে যথাক্রমে জারিকৃত পত্র নং ১২৭১, ১২৭৫ ও ১২৭৯ এ উল্লেখিত অন্যান্য প্রযোজ্য শর্তাবলীসমূহ অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ ০১ পাতা।

আপনার বিশ্বস্ত,
০৯/০৪/২০২০
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০১৯-২০২০/১২৮২(১২৫০)

তারিখঃ ০৯.০৪.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

০৯/০৪/২০২০
(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
মুখ্য কর্মকর্তা

Tanmay

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১১

তারিখ ঃ ২৬ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
০৯ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৪/০৩/২০২০, ২৫/০৩/২০২০, ০২/০৪/২০২০, ০৫/০৪/২০২০ ও ০৭/০৪/২০২০ তারিখে জারিকৃত যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-০৬, ০৭, ০৮, ০৯ ও ১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ডিওএস সার্কুলার লেটার নং-১০ এর আংশিক সংশোধনক্রমে আগামী ১২ এপ্রিল ২০২০ তারিখ হতে দৈনিক ব্যাংকিং লেনদেন এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ খোলা রাখার সময়সূচী যথাক্রমে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত এবং দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল।

০৩। তবে, প্রতি কার্যদিবসে দৈনিক ব্যাংক খোলা রাখার চূড়ান্ত সময়সীমা অপরিবর্তিত (দুপুর ২.০০ ঘটিকা) রেখে শুধুমাত্র গুরুত্বপূর্ণ ও জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য ব্যাংক তার স্বীয় বিবেচনায় নির্বাচিত এডি শাখা/শাখাসমূহের লেনদেনের সময়সীমা ০১ (এক) ঘন্টা বর্ধিত (যা সাধারণ ব্যাংকিং কার্যক্রমের জন্য প্রযোজ্য নয়) করে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করবে।

০৪। সরকার/স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত ঘোষণা অনুসারে লকডাউন (Lockdown) এলাকার ব্যাংক শাখাসমূহ বন্ধ থাকবে।

০৫। ব্যাংকিং লেনদেনের জন্য খোলা রাখা শাখা/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহের ক্ষেত্রে সোস্যাল ডিসটেনসিং সংক্রান্ত WHO গাইডলাইনসহ এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপালন যথাযথভাবে নিশ্চিত করতে হবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১১৩